



এজেআর কুরিয়ারে হামলার পর মামলার বাদীকে হত্যার হুমকি



ছবি: সংগৃহীত

রাজধানীর হাজারীবাগে এজেআর কুরিয়ার সার্ভিসে হামলার ঘটনায় করা মামলার বাদী আফসার উদ্দীনকে ফোনে হুমকি দেওয়া হয়েছে। ২৪ ঘণ্টার মধ্যে সমঝোতা না করলে তাঁকে হত্যার হুমকি দেওয়া হয় বলে জানিয়েছে পুলিশ।

গুরুবার (২৩ অক্টোবর) রাত ১১টার দিকে কুরিয়ার সার্ভিসটির ব্যবস্থাপক আফসারকে পরিচয় গোপন করে এক ব্যক্তি ফোন করেন। হাজারীবাগ থানার ওসি মোশাররফ হোসেন বলেন, বাদী হুমকির কথোপকথনের অডিও পাঠিয়েছেন। সেটি যাচাই করা হচ্ছে। ফোনটি কোথা থেকে করা হয়েছে, তা-ও খতিয়ে দেখছে পুলিশ।

অডিওতে ওই ব্যক্তিকে শনিবারের মধ্যে যোগাযোগ করে ঝামেলা মিটিয়ে নেওয়ার কথা বলতে শোনা যায়। অন্যথায় সবার আগে আফসারের লাশ পড়ে থাকবে বলে হুমকি দেন তিনি। কথোপকথনের একপর্যায়ে তাঁকে গালাগাল করতেও শোনা যায়।

ওসি বলেন, হুমকির বিষয়টিও গুরুত্ব দিয়ে তদন্ত করা হচ্ছে।

গত মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে শিকদার মেডিকেল কলেজের পাশে এজেআর কুরিয়ারের কার্যালয় ও গুদামে হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগ ওঠে। ৭০ থেকে ৮০ জনের একটি দল মোটরসাইকেলে এসে এ হামলা চালায় বলে অভিযোগ করা হয়েছে। এ সময় ল্যাপটপ, সিসি ক্যামেরা ও ফুটেজ সংরক্ষণের যন্ত্র (ডিভিআর) নিয়ে যাওয়ার কথাও বলা হয়। মামলার অভিযোগ অনুযায়ী, পুলিশের তালিকাভুক্ত শীর্ষ সন্ত্রাসী সানজিডুল ইসলাম ইমন ওরফে ক্যাপ্টেন ইমনের নাম ব্যবহার করে কুরিয়ার সার্ভিসটির কাছে ভাড়া দাবি করা হয়েছিল। এর আগে সাইফুল নামে এক ব্যক্তি নিজেকে ইমনের লোক পরিচয় দিয়ে চাঁদা দাবি ও প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের হুমকি দিচ্ছিলেন বলে অভিযোগ রয়েছে।

এ ঘটনায় পুলিশ এরই মধ্যে দুজনকে গ্রেপ্তারের তথ্য জানিয়েছে।